2730 - তারাবীর নামায ও কিয়ামুল লাইল কি এক জিনিশ

প্রশ্ন

আমি কিয়ামুল লাইল ও তারাবীর নামাযের মধ্যে পার্থক্য জানতে চাই।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

তারাবীর নামাযকিয়ামুল লাইলের অন্তর্ভুক্ত। এ দুইটি পৃথক কোন সালাত নয়, যেমনটিঅনেকে সাধারণ মানুষ ধারণা করে থাকেন। বরং রমজান মাসে যে 'কিয়ামুল লাইল'করা হয় সেটাকে'সালাতুত তারাবী'বা বিরতিপূর্ণ নামায বলা হয়।কারণসলফে সালেহীন (সাহাবী, তাবেয়ী, তাবে-তাবেয়ীগণের প্রজন্ম)যখন এই সালাত আদায় করতেন তখন তাঁরা প্রতি দুই রাকাত বা চার রাকাত অন্তর বিরতি নিতেন।কেননা তাঁরা মহান মৌসুমকে কাজে লাগাতে ও রাসূলের হাদিসি"যে ব্যক্তি ঈমানের সাথে ও সওয়াবের আশায় রমজান মাসে কিয়ামুল লাইল পালন করে তার পূর্বের সমস্ত গুনাহ মাফ করে দেয়া হয়"[বুখারী (৩৬)] এ বর্ণিত সওয়াব পাওয়ার আশায় নামাযকে দীর্ঘ করতে করতে ক্লান্ত হয়ে পড়তেন।

আল্লাহ তা'আলাই সবচেয়ে ভাল জানেন।